

# ଓ উত্তরা ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়

৪৭, শহীদ বীর উত্তম আসফাকুস সামাদ সড়ক, মতিঝিল  
ঢাকা-১০০০।

## টেক্সার নোটিশ

ব্যাংকের কর্মচারীদের (নন-অফিসার) ২০১৮ইং সালের শীতকালীন পোশাক সরবরাহের নিমিত্তে কাপড় সরবরাহের জন্য পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রতিষ্ঠানের নিকট থেকে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সিডিউল ষ্টেশনারী এন্ড রেকর্ডস ডিপার্টমেন্ট (৮ম তলা), উত্তরা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ৪৭ শহীদ বীর উত্তম আসফাকুস সামাদ সড়ক, মতিঝিল, ঢাকা থেকে ১,০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) এর বিনিময়ে ৬ই ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখ পর্যন্ত যে কোন কর্ম দিবসে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে।

সিডিউল সংগ্রহের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেটের মূল কপি প্রদর্শন করতে হবে যাহা প্রয়োজনীয় নিরীক্ষার পর ফেরত দেয়া হবে। উক্ত সনদপত্র সমূহের সত্যায়িত ফটোকপি এবং উদ্বৃত্ত মূল্যের ৫% আর্দ্ধেষ্টমানি (ফেরতযোগ্য) উত্তরা ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয় এর অনুকূলে যে কোন স্থানীয় বাণিজ্যিক ব্যাংকের শাখা থেকে ক্রয়কৃত পে-অর্ডার সহ দরপত্র আগামী ৭ই ফেব্রুয়ারি ২০১৮ ইং তারিখে বেলা ২.০০ (দুই) ঘটিকার মধ্যে অত্র অফিসের ৮ম তলায় রাখ্বিত টেক্সার বাস্তু দাখিল করতে হবে এবং ঐ দিনই বেলা ২.৩০ ঘটিকায় দরপত্র দাতাদের অথবা তাদের প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। পূর্ব অভিজ্ঞতা নেই এমন প্রতিষ্ঠানের দরপত্রে অংশগ্রহণ করার প্রয়োজন নেই। ব্যাংক কর্তৃপক্ষ কাপড়ের গুণগত মান যাচাই করে কোন কারণ দর্শনো ব্যাতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিলের অধিকার সংরক্ষন করে।

জেনারেল ম্যানেজার  
ষ্টেশনারী এন্ড রেকর্ডস ডিপার্টমেন্ট